

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

স্থানঃ-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।

তারিখঃ- ০৬.০৮.২০২১ খ্রিঃ সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

অদ্য ০৬.০৮.২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ-

- ১। জাতীয় শোক দিবস ২০২১ পালন সংক্রান্ত।
- ২। বিদ্যালয়ের “মিড-ডে-মিল” সংক্রান্ত।
- ৩। বিদ্যালয়ের সীমানা প্রাচীর সংক্রান্ত।
- ৪। বিবিধ।

১ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সহিত পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে বিদ্যালয় পর্যায় মিলাদ, আলোচনা সভা, চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করতে বলা হয়।

২ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের ধরে রাখা এবং উপস্থিতি শতভাগ নিশ্চিত করার জন্য “মিড-ডে-মিল” চালুর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার শিক্ষানুরাগী, দানশীল ও জনপ্রতিনিধি ও এসএমসির সকল সদস্যদের সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।

৩ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, আড়াইহাজার উপজেলার ১১৫ টি বিদ্যালয়ের মধ্যে ৮১ টি প্রাথমিক বিদ্যালয়ে সীমানা প্রাচীর প্রয়োজন। এক্ষেত্রে উপজেলা পরিষদ পর্যায়ক্রমে অগ্রাধিকারভিত্তিতে সীমানা প্রাচীর নির্মাণের পদক্ষেপ নেয়ার জন্য সুপারিশ করা হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রফিকুল ইসলাম)
সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
আড়াইহাজার, নারায়ণগঞ্জ